# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪২৩

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

## الفصل الاول (بَاب الْمَلَاحِمِ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «هَلْ سَمِعْتُمْ بِمَدِينَةٍ جَانِبٌ مِنْهَا فِي الْبَرِّ وَجَانِبٌ مِنْهَا فِي الْبَحْرِ؟» قَالُوا: نَعَمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ: لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يَغْزُوَهَا سَبْعُونَ أَلْفًا مِنْ بني إِسحاق فَإِذا جاؤوها نَزَلُوا فَلَمْ يُقَاتِلُوا بِسِلَاحٍ وَلَمْ يَرْمُوا بِسَهْمٍ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ فَيَسْقُطُ أحدُ جانبيها. ـ قالَ ثورُ بنُ يزِيد الرَّاوِي: لَا أَعْلَمُهُ إِلَّا قَالَ ـ: الَّذِي فِي الْبَحْرِ يَقُولُونَ الثَّانِيَةَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ فَيَسْقُطُ جَانِبُهَا الْآخَرُ ثُمَّ يَقُولُونَ الثَّالِثَةَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ فَيُفَرَّجُ لَهُم فيدخلونها فيغنمون فَبينا هُمْ يَقْتَسِمُونَ الْمَغَانِمَ إِذْ جَاءَهُمُ الصَّرِيخُ فَقَالَ: إِنَّ الدَّجَّالَ قَدْ خَرَجَ فَيَتْرُكُونَ كُلَّ شَيْءٍ ويرجعون . رَوَاهُ مُسلم

رواه مسلم (78 / 2920)، (7333) ـ
(صَحِيح)

বাংলা

৫৪২৩-[১৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী (সা.) বলেছেন: তোমরা কি এমন একটি শহরের নাম শুনেছ, যার একদিকে খোলা ময়দান এবং অপরদিকে সাগর রয়েছে? তারা বললেন, হ্যা শুনেছি, হে আল্লাহর রাসূল (সা.)! তিনি (সা.) বললেন, কিয়ামত সংঘটিত হবে না যতক্ষণ না ইসহাক (আঃ)-এর বংশধরের সত্তর হাজার লোক উক্ত শহরে যুদ্ধ করবে। তারা যখন তথায় আসবে তখন তারা এর আশেপাশে অবস্থান করবে, কিন্তু অস্ত্র দিয়ে আক্রমণ করবে না এবং কোন বর্শা তীরও নিক্ষেপ করবে না। বরং তার শুধুমাত্র ’লা- ইলা-হা ইল্লা-হু ওয়াল্লহু আকবার ধ্বনি উচ্চারণ করবে। শহরের এক পার্শ্বের প্রাচীর এতেই ভেঙ্গে পড়বে। বর্ণনাকারী সাওর ইবনু ইয়াযীদ বলেন, আমার ধারণা, রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] বলেছেন। (প্রথম ধ্বনিতে) সাগর পার্শ্বের দেয়ালটি

ভেঙ্গে পড়বে। অতঃপর তারা দ্বিতীয়বার ’লা- ইলা-হা ইল্লাল্লহু ওয়াল্লা-হু আকবার ধ্বনি উচ্চারণ করবে। এবার অপর দিকের প্রাচীরটি (যা ময়দানের দিকে ছিল) ভেঙ্গে পড়বে। তারপর যখন তৃতীয়বার তারা লা- ইলা-হা ইল্লাল্লহু ওয়াল্লহু আকবার’ বলে তাকবীর ধ্বনি উচ্চারণ করবে, তখন শহরের প্রবেশ দ্বারটি বিস্তৃত হয়ে যাবে এবং তারা এতে প্রবেশ করবে, আর গনীমাত সংগ্রহ করতে থাকবে। তারা যখন এ গনীমাতের সম্পদ বণ্টনে ব্যস্ত হবে, তখন হঠাৎ ঘোষণা শুনতে পাবে। যে, দাজ্জালের আবির্ভাব হয়েছে। তখন তারা সেই সমস্ত ধন-সম্পদ ফেলে দাজ্জালের মোকাবিলায় ফিরে আসবে। (মুসলিম)।

## ফুটনোট

সহীহ: মুসলিম ২৯২০, সহীহুল জামি ৩৬৩৮, আল মুসতাদরাক লিল হাকিম ৮৪৬৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : নবী (সা.) -এর কথা: এমন একটি শহরের কথা তোমরা শুনেছ যার কিছু অংশ স্থলভাগ ও কিছু অংশ হবে পানিতে। যেখানে ৭০ হাজার বানূ ইসহাক্ব তথা ইসহাক-এর বংশধরেরা যুদ্ধ করবে। আল কাযী (রহিমাহুল্লাহ) বলেন: জামিউল উসূলেও অনুরূপ বর্ণনা রয়েছে। তিনি আরো বলেন: কোন কোন ‘উলামাগণ বলেন যে, প্রসিদ্ধ ও বিশুদ্ধ মত হলো বানী ইসমাঈল-এর বংশধর। আর আলোচ্য হাদীসটি এটারই প্রমাণ বহন করে। কেননা এটা দ্বারা উদ্দেশ্য হলো ‘আরব। অর্থাৎ ‘আরবরা উল্লেখিত শহরে যুদ্ধ করবে। আর এ শহর বলতে কুসতুনতুনিয়্যাহ্-কেই বুঝানো হয়েছে। (শারহুন নাবাবী ১৮/৩৬ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85401

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন